



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং: পরী/গো/এসএসসি/২০২৪/ ০০৯৯

তারিখ : ০৬/০৫/২০২৪ খ্রি.

বিষয় : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০২৪ সালের ফল প্রকাশ প্রসঙ্গে


সূত্র: আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটির স্মারক নং-আশিবো/প্রশা:/২০১০/৫২, তারিখ: ০৬/০৫/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফলাফল আগামী ১২ মে ২০২৪ খ্রি. তারিখ সকাল ১১.০০টায় প্রকাশিত হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ এবং পুনঃনিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট ([www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)) থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব-স্ব প্রতিষ্ঠান Result Sheet download/print করতে পারবে।
২. [mail.educationboard.gov.bd](http://mail.educationboard.gov.bd) ওয়েবসাইটে গিয়ে কুমিল্লা বোর্ড সিলেক্ট করে প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক Result Sheet print/download করতে পারবে।
৩. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষাবোর্ডসমূহের ওয়েবসাইট : [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) এর মাধ্যমে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।
৪. পরীক্ষার ফল প্রকাশের পর যেকোন মোবাইল নম্বর থেকে SSC < > Board Name (1<sup>st</sup> 3 letters) < > Roll < > Year লিখে 16222 এ SMS এর মাধ্যমে ফল জানা যাবে।  
উদাহরণ : SSC Com 606884 2024 লিখে SEND to 16222
৫. পুনঃনিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ১৩ মে ২০২৪ খ্রি. তারিখ থেকে ১৯ মে ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি./বোর্ড প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৬. ফলাফল প্রকাশের দিন থেকে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের পরবর্তী ০৭ দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
৭. উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষাবোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান

  
০৬/০৫/২০২৪


✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সভাপতি, আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
৪. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. কেন্দ্র সচিব, এ বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা- ২০২৪ এর সকল কেন্দ্র
৭. সংরক্ষণ নথি

  
০৬/০৫/২৪